

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৪৩৫

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرّ وَالْإِحْسَان)

পরিচ্ছেদঃ যখন বাবা-মা না থাকে তখন একজন ব্যক্তির জন্য মুস্তাহাব হলো তার খালার সাথে সদাচারণ করা

ذِكْنُ اسْتِحْبَابِ بِرِّ الْمَرْءِ خَالَتَهُ إِذَا لَمْ يَكُنْ لَهُ وَالدَانِ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عُمَرَ بْنِ يُوسُفَ بِنَسَا قَالَ حَدَّثَنَا يَعْقُوبُ الدَّوْرَقِيُّ قَالَ حَدَّثَنَا أَبُو مُعَاوِيَةَ قَالَ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ سُوقَةَ عَنْ أَبِي بَكْرِ بْنِ حَفْصٍ عَنِ بِن عُمَرَ قَالَ أَتَى رَسُولَ مُعَاوِيَةَ قَالَ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ سُوقَةَ عَنْ أَبِي بَكْرِ بْنِ حَفْصٍ عَنِ بِن عُمَرَ قَالَ أَتَى رَسُولَ اللَّهِ إِنِّي أَذْنَبْتُ ذَنْبًا كَبِيرًا فَهَلْ لِي مِنْ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَجُلُ فَقَالَ يَا رَسُولَ اللَّهِ إِنِّي أَذْنَبْتُ ذَنْبًا كَبِيرًا فَهَلْ لِي مِنْ تَوْبَةٍ فَقَالَ لَهُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ "أَلَكَ وَالدَانِ قَالَ لَا قَالَ لَا قَالَ "فَلَكَ خَالَةً" قَالَ نعم قال "فبرها إذا."

الراوي: عَبْد اللَّهِ بْن عُمَرَ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 435 ا خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৪৩৫. আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "একজন ব্যক্তি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর কাছে এসে বললেন: "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আমি অনেক বড় একটি গোনাহ করেছি, আমার কি তাওবা কবুল হবে?" তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন: "তোমার কি বাবা-মা আছে?" সে ব্যক্তি বললো: "জ্বী, না।" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন: "তোমার কি খালা আছে?" তিনি বলেন: "হাাঁ।" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: "তাহলে তার সাথে সদাচারণ করো।"[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ২/১৩, ১৪; তিরমিযী: ১৯০৫; হাকিম: ৪/১৫৫।



হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসকে সহীহ বলেছেন। (আত তা'লীকুর রাগীব: ৩/২১৮।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন